দৈনিক জনকণ্ঠ

13 JAN 2017
পৃঃ ১৬ কলাম ৭

# 'নতুন পাঠ্যপুস্তক হেফাজতের দাবির সঙ্গে আপোস করে ছাপানো'

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ইমেরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী বলেছেন, পাকিস্তান আমলে শিক্ষাকে বাণিজ্যিকীকরণ করতে চাওয়া হয়েছিল। বর্তমানে আমরা তা-ই দেখতে পাই। শিক্ষাকে এখন পণ্যে পরিণত করা হয়েছে। নতুন পাঠ্যপুস্তক হেফাজতের দাবির সঙ্গে আপোস করে ছাপানো হয়েছে। বৃহস্পতিবার টিএসসির মুনীর চৌধুরী মিলনায়তনে 'পাঠ্যপুস্তক

(১৫ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## নতুন পাঠ্যপুস্তক

(১৬-এর পৃষ্ঠার পর)

কেলেঙ্কারি ও বাংলাদেশে শিক্ষার ভবিষ্যত' বিষয়ে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। বাংলাদেশ ছাত্র ফেডারেশন এ সভার আয়োজন করেন।

সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, পাঠ্যপুস্তকে কেলেঙ্কারি কোন দুর্ঘটনা নয়, বরং এটা ঘটনা। পাকিস্তান আমলে ও মুক্তিযুদ্ধের পরেও দীর্ঘদিন ধরে এসব ঘটনা ঘটে আসছে। এ সময় তিনি প্রাথমিক পাঠ্যপুস্তকে ভুলের সঙ্গে জড়িতদের অপরাধী হিসেবে চিহ্নিত করে শাস্তির দাবি জানান।